দৈনিক
ইত্তেফাক

14 JUL 2016
পৃষ্ঠা ৩ ৪ ... কলাম ১

# মাদারীপুরে প্রাথমিক শিক্ষকের ৫৩২টি পদ শূন্য

■ মাদারীপুর প্রতিনিধি

জেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের ৫৩২টি পদ শূন্য রয়েছে। এদের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৩৮ জন এবং সদ্য জাতীয়করণকৃত বিদ্যালয়ে ২৯৪ জন সহকারী শিক্ষকের পদ।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, রাজস্ব খাতের সদর উপজেলায় সহকারী শিক্ষকের ৯০টি পদ রয়েছে। এছাড়া শিবচর উপজেলায় ৬১টি, রাজৈর উপজেলায় ২৬টি এবং কালকিনি উপজেলায় ৬১টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে।

সদ্য জাতীয়করণকৃত বিদ্যালয়ে সদর উপজেলায়ই সহকারী শিক্ষকের শূন্য পদ রয়েছে ১৪৮টি। এছাড়া কালকিনি উপজেলায় ৫৩টি, শিবচর উপজেলায় ৪৯টি এবং রাজৈর উপজেলায় ৪৪টি সহকারী শিক্ষকের পদ বর্তমানে শূন্য রয়েছে।

উল্লেখ্য, মাদারীপুর জেলার ৪টি উপজেলায় বর্তমানে ৭ শতাধিক সরকারি ও সদ্য জাতীয়করণকৃত বিদ্যালয় রয়েছে। সংশ্লিষ্ট একাধিক কর্মকর্তা ৫৩২টি শূন্য পদের সত্যতা নিশ্চিত করেছেন।